গাংনীতে ক্ষতিগ্রস্থ পরিবার কে অনুদান প্রদান

মেহেরপুরের গাংনী উপজেলা শিল্পকলা একাডেমি উন্নয়নে নগদ ২ লক্ষ টাকা অর্থিক সহায়তা , ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা প্রকল্প থেকে ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্থ পরিবার ও প্রতিষ্ঠানকে ৩ লক্ষ টাকা এবং ১০০ বান্ডিল ঢেউটিন প্রদান করা হয়েছে।

বুধবার সকালে উপজেলা পরিষদ সভাকক্ষে এ অনুদান প্রদান কার্যক্রম শুরু করা হয়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা আর এম সেলিম শাহনেওয়াজ এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর ২ (গাংনী) আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন। তিনি তাঁর সংক্ষিপ্ত বক্তব্যে বলেন, এ উপজেলার অনেকেই গুণী শিল্পী রয়েছেন। যারা দেশের বিভিন্ন বেতার ও টেলিভিশন অঙ্গনে সুনাম অর্জন করেছেন।

সরকারিভাবে তাদেরকে তেমন কোন সহায়তা করা সম্ভব হয়নি। শিল্পকলার উন্নয়ন ও প্রশিক্ষকদের পাশে দাঁড়ানোর লক্ষে আর্থিক সহায়তা প্রদান করেন। তবে সুযোগ সৃষ্টি হলে তিনি শিল্পকলা একাডেমির উন্নয়নে কাজ করে যাওয়ার প্রতিশ্রুতি ব্যাক্ত করেন।

আজ তিনি টিআর (কাবিখা) প্রকল্প থেকে শিল্পকলা একাডেমিতে বাদ্যযন্ত্র ক্রয়বাবদ এক লক্ষ টাকা এবং ওস্তাদ রতন সরকারকে ৫০ হাজার এবং প্রশিক্ষক সেলিম হোসেন কে ৫০ হাজার টাকা প্রদান করেন।

অপরদিকে এই উপজেলায় আম্পান ঘুর্ণিঝড়ে ক্ষতিগ্রস্থ ৮৩টি ব্যক্তি ও প্রতিষ্ঠানে ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা প্রকল্প থেকে নগদ ৩ লক্ষ টাকা এবং ১০০ বান্ডিল ঢেউ টিন বিতরণ করেন। এ সময় গাংনী পৌর মেয়র আশরাফুল ইসলাম, সহকারী কমিশনার (ভূমি) ইয়ানুর রহমান, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিরঞ্জন চক্রবর্তীসহ অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

করোনা কেড়ে নিল আরও ৪৬ প্রাণ, আক্রান্ত ৩৪৮৯

দেশে গত ২৪ ঘণ্টায় করোনাভাইরাসে আক্রান্ত হয়ে জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে এই বৈশ্বিক মহামারী দুই হাজার ১৯৭ জনের প্রাণ কেড়ে নিয়েছে।

বুধবার দুপুরে কোভিড-১৯ রোগ নিয়ে এক অনলাইন ব্রিফিংয়ে স্বাস্থ্য অধিদফতর এমন তথ্য জানিয়েছে।

অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক(প্রশাসন) অধ্যাপক নাসিমা সুলতানা বলেন, দেশে গত একদিনে তিন হাজার ৪৮৯ জন নতুন করে এই ভাইরাসে আক্রান্ত হয়েছে। এতে সর্বমোট আক্রান্তের সংখ্যা দাঁড়াল জনে।

দেশে প্রথম করোনা রোগী শনাক্ত হওয়ার চার মাস পূর্ণ হয়েছে। কিন্তু প্রথম দিকে আক্রান্তের গতি ধীর থাকলেও দিনে দিনে তা তীব্র হচ্ছে।

প্রথম তিন মাসের তুলনায় চতুর্থ মাসে সংক্রমণ ও মৃত্যু বেড়ে গেছে। মোট রোগীর ৫৯ শতাংশের বেশি শনাক্ত হয়েছে চতুর্থ মাসে। আর মোট মৃত্যুর প্রায় ৫৭ শতাংশ ছিল এই এক মাসে।

গত বছরের শেষ দিকে চীনের উহানে প্রথম করোনাভাইরাসের সংক্রমণ ধরা পড়ে। ক্রমে সেটা বৈশ্বিক মহামারীর রূপ নিয়ে ছড়িয়ে পড়ে। চীন দুই মাসের মধ্যে তাদের দেশে সংক্রমণ নিয়ন্ত্রণে নিয়ে আসে।

ইউরোপের অনেক দেশেও তিন থেকে চার মাসের মধ্যে সংক্রমণ নিয়ন্ত্রণে এনেছে। সে তুলনায় এশিয়া ও আমেরিকা মহাদেশের বেশির ভাগ দেশে সংক্রমণের ঊর্ধ্বগতি বেশি দীর্ঘস্থায়ী হচ্ছে।

[redacted] [redacted] ‘[redacted] [redacted]’ [redacted]: [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [

শরীরে কালো ছোপ, বিপদের আশঙ্কা নয়তো?

অনেক সময়ে শরীরে কালো কালো ছোপ দাগ দেখা যায়। কেউ কেউ ভয় পেলেও অনেকে গুরুত্ব দেন না। এই দাগকে মোটেও অবজ্ঞা করা উচিত না।

মূলত ভিটামিন সি’এর অভাবে শরীরের বিভিন্ন অংশে এমন কালচে দাগ ছোপ দেখা যেতে পারে। এছাড়াও আরো কয়েকটি লক্ষণ প্রকাশ পায় এসময়।

একজন মানুষের শরীরে প্রতিদিন কমপক্ষে ১০০ থেকে ২০০ মিলিগ্রাম ভিটামিন সি গ্রহণ করা উচিত। সর্বোচ্চ দুই হাজার পর্যন্ত ভিটামিন সি গ্রহণ করতে পারবেন। হার্ট ও চোখের সুরক্ষায়, চুলের সমস্যায়, ত্বকের উজ্জ্বলতাসহ বিভিন্ন সমস্যার সমাধান করতে পারে ভিটামিন সি।
জেনে নিন ভিটামিন সি এর অভাবে শরীরে যেসব লক্ষণ প্রকাশ পায়-

১. ভিটামিন সি এর অভাব হলে ঘন ঘন ঠাণ্ডা-জ্বর হয়ে থাকে। এতে থাকা অ্যান্টিঅক্সিডেন্ট উপাদান যেকোনো ইনফেকশনের সঙ্গে লড়াই করতে প্রস্তুত।

২. এছাড়াও শরীরের বিভিন্ন স্থানে কালচে হয়ে ফুলে যায়। পায়ের গোড়ালি, হাতের পেশিতে এমনকি ছোট ছোট ফোঁড়ার মতোও দেখা দেয় ভিটিমিন সি’ এর অভাবে।

৩. নাক দিয়ে রক্ত পড়া আরো একটি লক্ষণ। ভিটামিন সি এর অভাবে যে রোগ হয় তাকে স্কার্ভি রোগ বলে।

৪. শরীরের বিভিন্ন জয়েন্টে ব্যথা হয়ে থাকে এসময়। এজন্য দৈনন্দিন খাদ্য তালিকায় ভিটামিন সি রাখা বাধ্যতামূলক।

৫. এসময় ত্বক খসখসে হয়ে যায়। ভিটামিন সি এর অভাবে গালে, বগলে, উরুতে র্যাশ হয়ে থাকে। শরীর অতিরিক্ত শুষ্ক হওয়ার ফলে ত্বক ফাটতে শুরু করে। এমনকি ঠোঁটও ফেটে যায়।

৬. ক্লান্ত ও অবসাদ বোধ হয় এসময়। ভিটামিন সি এর অভাবে মানসিক স্বাস্থ্যও ঝুঁকিতে থাকে।

সূত্র: রাইটহোমরেমেডিস

পাপুল কুয়েতের নাগরিক হলে এমপি পদ বাতিল: প্রধানমন্ত্রী

লক্ষ্মীপুর-২ আসনের স্বতন্ত্র সংসদ সদস্য কাজী শহিদ ইসলাম পাপুল কুয়েতের নাগরিক হলে তার এমপি পদ বাতিল হবে।

আজ বুধবার জাতীয় সংসদে প্রধানমন্ত্রীর জন্য নির্ধারিত প্রশ্নোত্তর পর্বে এসব কথা বলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। অধিবেশনে সভাপতিত্ব করেন স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। এর আগে সাত দিন বিরতির পর সকাল ১১টায় সংসদের মুলতবি বৈঠক শুরু হয়।

পাপুল বিরুদ্ধে ওঠা অভিযোগের বিষয়ে তদন্ত করা হচ্ছে বলেও জানান প্রধানমন্ত্রী।

সরকারদলীয় সংসদ সদস্য বেনজীর আহমদ-এর প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী বলেন, করোনাভাইরাসের কারণে বিভিন্ন দেশে কর্মহীন হয়ে পড়া বাংলাদেশি কর্মীরা যাতে করোনা পরবর্তী সময়ে পুনরায় কাজে নিয়োগ পেতে পারে, সেজন্য বিদেশের বাংলাদেশ দূতাবাসের মাধ্যমে কূটনৈতিক তৎপরতা অব্যাহত রাখা হয়েছে।

এই অন্তর্বর্তী সময়ে বিদেশের বাংলাদেশ মিশনের শ্রমকল্যাণ শাখার মাধ্যমে আমরা দুস্থ ও কর্মহীন হয়ে পড়া প্রবাসী কর্মীদের মাঝে প্রায় ১১ কোটি টাকার ওষুধ, ত্রাণ ও জরুরি সামগ্রী বিতরণ করেছি।

প্রধানমন্ত্রী বলেন, করোনার কারণে চাকরিচ্যুত হয়ে কিংবা অন্য কোনো কারণে বিদেশফেরত কর্মীদের সহজ শর্তে ঋণ প্রদানের জন্য আমরা ইতোমধ্যেই প্রবাসী কল্যাণ ব্যাংকের অনুকূলে ৫০০ কোটি টাকার বরাদ্দ অনুমোদন করেছি। এছাড়া, করোনার কারণে ক্ষতিগ্রস্ত হয়ে বিদেশ প্রত্যাগত কর্মীদের এবং প্রবাসে করোনায় মৃত কর্মীর পরিবারের উপযুক্ত সদস্যকে প্রবাসীকল্যাণ ব্যাংকের মাধ্যমে স্বল্প সুদে ও সহজ শর্তে বিনিয়োগ ঋণ প্রদানের জন্য আমরা ওয়েজ আর্নার্স

কল্যাণ বোর্ড থেকে ২০০ কোটি টাকার তহবিল গঠন করেছি। এ সংক্রান্ত নীতিমালা ইতোমধ্যে প্রণয়ন করা হয়েছে।

মাস্ক দুর্নীতি: জেএমআই গ্রুপের এমডিকে জিজ্ঞাসাবাদ করছে দুদক

করোনাভাইরাসের সুরক্ষা সরঞ্জাম মাস্ক-পিপিই ক্রয় দুর্নীতির অনুসন্ধানে জেএমআই গ্রুপের প্রতিষ্ঠাতা ও ব্যবস্থাপনা পরিচালক আব্দুর রাজ্জাক জিজ্ঞাসাবাদ করছে দুর্নীতি দমন কমিশন (দুদক)।

বুধবার দুদকের প্রধান কার্যালয়ে সকাল সোয়া ১০টা থেকে তাকে জিজ্ঞাসাবাদ শুরু করেছেন সংস্থার পরিচালক প্রধান মীর মো. জয়নুল আবেদীন শিবলীর নেতৃত্বে একটি টিম। টিমের অপর সদস্যরা হলেন উপপরিচালক নুরুল হুদা, সহকারী পরিচালক মো. সাইদুজ্জামান ও আতাউর রহমান।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ও স্বাস্থ্য অধিদফতরের সংশ্লিষ্ট কর্মকর্তাদের বিরুদ্ধে বিভিন্ন অনিয়ম, দুর্নীতি ও ক্ষমতার অপব্যবহারের মাধ্যমে কোভিড-১৯ এর চিকিৎসায় নিম্নমানের মাস্ক, পিপিই ও অন্যান্য স্বাস্থ্য সরঞ্জামাদি ক্রয়সহ বিভিন্ন হাসপাতালে সরবরাহের নামে কোটি কোটি টাকা আত্মসাৎ করে অবৈধ সম্পদ অর্জনের অভিযোগে এ জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।

২১ জুন স্বাস্থ্য মন্ত্রণালয়, স্বাস্থ্য অধিদফতর ও কেন্দ্রীয় ওষুধাগারের যথাক্রমে সচিব, মহাপরিচালক ও পরিচালক বরাবর পাঠানো চিঠিতে সংশ্লিষ্ট নথিপত্র তলব করা হয়।

সূত্র- বিডি প্রতিদিন

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

তিনি আরও বলেন, মেহেরপুর সরকারি হাই স্কুল খেলার মাঠে আগের চেয়ে এখন বেশি খেলোয়ার দেখা যাচ্ছে, মাঝে এই মাঠে খেলাধুলা বন্ধের পথে চলে এসেছিল কিন্তু বর্তমানে সবাই খেলার মাঝে সময় পার করছে। এখানে নিয়মিত ৮-৯ টা টিম অনুশীলন করছে বলে তিনি জানান।

ফুটবল খেলোয়ার তানভির বলেন, করোনা কালীন বাসায় অবসর সময় পার হচ্ছে না তাই মাঠে এসেছি অনুশীলন করতে। অলস সময় পার করতেই মূলত মাঠে আসা।

অপর দিকে, মেহেরপুর সরকারি কলেজ মাঠের চিত্র ভিন্ন, নেই কোন খেলোয়ার, মাঠে চরছে গরু, মাঠের ঘাস গুলোও অনেক বড় হয়ে গিয়েছে। নেই কোন খেলাধুলা, অনুশীলন, পুরো মাঠ ফাঁকা। এ যেন এক প্রাণ হীন লেখার মাঠ, করোনার কারণে এমন বলে মনে করছেন স্থানীয় রাজ আহম্মেদ।

তিনি বলেন, আগে এখানে নিয়মিত অনুশীলন হতো করোনায় এখন সব বন্ধ। তবে বিকেলে কিছু খেলোয়ার মাঝে মধ্যে দেখা যায়।

মেহেরপুরের অন্যান্য খেলার মাঠ গুলোতে অল্প পরিসরে অনুশীলন হলেও মেহেরপুর জেলার এক মাত্র সরকারি খেলার মাঠ মেহেরপুর জেলা স্টেডিয়াম এ সকল খেলাধুলা সহ সমস্ত অনুশীলন বন্ধ রয়েছে।

সরেজমিনে গিয়ে দেখা যায় জেলা স্টেডিয়াম মাঠের মেইন ফটক সহ সকল প্রবেশদার বন্ধ রয়েছে।

অফিস সহকারী স্বপনের সাথে এ বিষয়ে জানতে চাইলে বলেন, করোনা কালীন সমস্ত খেলা ফেডারেশন থেকে বন্ধ আছে, সেই সাথে মাঠে অনুশীলন করাও কোন অনুমতি নেই। এ জন্যই প্রতিটা প্রবেশ দার বন্ধ রাখা হয়েছে।

মেপ্র/আরপি

বিএনপি নেতা অ্যাড. আব্দুস সালামের মৃত্যুতে জেলা বিএনপির শোক

মুক্তিযোদ্ধা দলের সাবেক কেন্দ্রীয় সদস্য ও সাবেক ভাইস চেয়ারম্যান এ্যাড. আব্দুস সালামের মৃত্যুতে শোক ও দুঃখ প্রকাশ করেছেন মেহেরপুর জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন ও সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন।

গতকাল মঙ্গলবার রাতে এক শোকবার্তায় মেহেরপুর জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন ও সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন বলেন, “সাবেক রাষ্ট্রপতি শহীদ জিয়াউর রহমান বীর উত্তম এর নীতি ও আদর্শ এবং বাংলাদেশী জাতীয়তাবাদী দর্শণে গভীরভাবে আস্থাশীল মরহুম আব্দুস সালাম মেহেরপুর জেলা বিএনপি-কে শক্তিশালী, গতিশীল ও সুদৃঢ় ভিত্তির ওপর প্রতিষ্ঠিত করতে নিবেদিতপ্রাণ হয়ে কাজ করেছেন।

এছাড়া বিএনপি চেয়ারপার্সন ও সাবেক প্রধানমন্ত্রী দেশনেত্রী বেগম খালেদা জিয়ার নেতৃত্বে মানুষের গণতান্ত্রিক অধিকার আদায়ের প্রতিটি আন্দোলন সংগ্রামে তিনি যে সাহসিকতার পরিচয় দিয়েছেন তা বিএনপির স্থানীয় নেতাকর্মীদের নিকট অনুপ্রেরণা হয়ে থাকবে। আমরা তার মৃত্যুতে গভীরভাবে শোকাহত ও ব্যথিত হয়েছি।

মেহেরপুর জেলা বিএনপি শোকবার্তায় মরহুমের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যবর্গ, আত্মীয়স্বজন, গুণগ্রাহী ও শুভানুধ্যায়ীদের প্রতি গভীর সমবেদনা জানান। প্রেস বিজ্ঞপ্তি

আলমডাঙ্গায় শিক্ষার্থী বান্ধব

[redacted]

[redacted]

[redacted]

[redacted]